গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর ০৭
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
শেরে বাংলা নগর ঢাকা ১২০৭।
www.imed.gov.bd

চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণেরজন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি(ToR):

ক. প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণঃ

১। প্রকল্পের নাম : "বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন প্রকল্প ১ম পর্যায় (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প।

২। উদ্দ্যোগী মন্ত্রণালয় : প্রধানমন্ত্রীর কার্যালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)।

৪। প্রকল্পের অবস্থান :

জেলা	উপজেলা
চট্টগ্রাম	মিরেরসরাই
চট্টগ্রাম	আনোয়ারা
কক্সবাজার	টেকনাফ
কক্সবাজার	টেকনাফ
ফেনী	সোনাগাজী
ঢাকা	কেরাণীগঞ্জ
বাগেরহাট	মংলা
মৌলভীবাজার	মৌলভীবাজার সদর
হবিগঞ্জ	চুনারুঘাট
নারায়ণগঞ্জ	বন্দর, সোনারগাঁও

৫। অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়			পরিকল্পিত বাস্তবায়নকাল			অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	১ম সংশোধিত	সর্বশেষ সংশোধিত	মূল	১ম সংশোধিত	সর্বশেষ সংশোধিত		
৮১৯৫.০০	১২২৩৪.০০	৯০৫৩১.৮৮	জানুয়ারী, ২০১৪ হতে জুন, ২০১৬	জানুয়ারী, ২০১৪ হতে জুন, ২০১৬	জানুয়ারী, ২০১৪ হতে জানুয়ারী, ২০২১	+ ৮২৩৩৬.৮৮ (১০০৪%)	+ ৪ বছর (৩০০%)

৬। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

সামগ্রিকভাবেঃ 'মাল্টি-সেক্টরাল' 'ইকনমিক জোনস' তৈরি এবং সেগুলির উন্নয়নের মাধ্যমে শিল্পায়নের দ্রুত প্রসার দ্বারা ব্যাপক কর্মসংস্থানের সুযোগ তৈরির মধ্য দিয়ে এ দেশের দ্রুত অর্থনৈতিক উন্নয়ন করাই প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য। এর মাধ্যমে সমাজের সকল স্তরের মানুষের জন্য ব্যবসায় এবং কর্মসংস্থানের প্রচুর সুযোগ তৈরি হবে। 'বেজা অ্যাক্ট ২০১০' এর মূল উদ্দেশ্য হ'ল 'ইকনমিক জোনস' এর প্রসার ঘটানো। প্রকল্পটির সুদূর-

প্রসারী উদ্দেশ্য হল শিল্পায়ন ও কর্মসংস্থান এর উদ্দেশ্য পিছিয়ে পড়া এবং অনুন্নত অঞ্চলসহ সম্ভাবনাময় বিভিন্ন অঞ্চলের দ্রুত অর্থনৈতিক উন্নয়নের লক্ষে সে সকল অঞ্চলসমূহে 'ইকনমিক জোনস' প্রতিষ্ঠা করা এবং প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে বাগেরহাট জেলার মংলা উপজেলায়, মৌলভীবাজার সদর উপজেলায়, চট্টগ্রামের মিরেরসরাই এবং আনোয়ারা উপজেলাসহ মোট ১১টি স্থানে 'ইকনমিক জোনস' তৈরির জন্য প্রয়োজনীয় মৌলিক ভৌত অবকাঠামো তৈরি/উন্নয়ন করা হচ্ছে।

৭। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

প্রকল্পের মাধ্যমে মূলতঃ নিম্নলিখিত পূর্ত কাজ করা হচ্ছে:

১) ভূমি উন্নয়ন;
২) অফিস ভবন/ডরমেটরি/কাস্টমস অফিস নির্মাণ;
৩) সীমানা প্রাচীর নির্মাণ;
৪) সংযোগ সড়ক তৈরী;
৫) সেতু/কালভার্ট নির্মাণ;
৬) পানি সরবরাহ ও পয়নিষ্কাশন ব্যবস্থা ও
৭) বিদ্যুৎ সরবরাহ ও গ্যাস সংযোগ।

৮। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি

প্রাপ্ত তথ্য অনুসারে, সেপ্টেম্বর'২০১৮ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক ২৫৪.৫৩ কোটি টাকা (২৮.১১%)।

খ. পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১। **প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিম্নরূপ দায়িত্ব পালন করবে**

১.১ প্রকল্পের বিবরণ পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অর্থায়ন, বছরভিত্তিক ডিপিপি/আরডিপিপি সংস্থান, এডিপি বরাদ্দ, অর্থ অবমুক্তি ও প্রকৃত ব্যয়ের প্রাসংগিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১.২ প্রকল্পের সার্বিক ও বিস্তারিত অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশ, বিশ্লেষণ, সারণী/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

১.৩ প্রকল্পের উদ্দেশ্যের সাথে প্রকল্পের কর্মপরিকল্পনা এবং বাস্তব অবস্থার তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য/কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর ও উন্নয়ন সহযোগীর গাইড লাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কিনা সে বিষয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য বিভিন্ন পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/বিওকিউ/টিওআর, গুণগত মান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হচ্ছে কিনা তা যাচাই করা এবং প্রকল্পের প্রধান প্রধান কাজের গুণগতমান সংক্রান্ত বিষয়ের উপর পর্যালোচনা ও মতামত;

১.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১.৮ পরামর্শক প্রতিষ্ঠানকে প্রকল্পের সম্পাদিত কাজের পরিমাণ ও গুণগতমান সম্পর্কে ল্যাবরেটরী টেস্টিং করে সুস্পষ্ট পর্যবেক্ষণ ও এর আলোকে প্রয়োজনীয় সুপারিশ করতে হবে;

১.৯ প্রকল্পের আংশিক কাজ বাস্তবায়নের পর প্রযোজ্য ক্ষেত্রে সুফল সৃষ্টি হয়েছে কিনা কিংবা প্রকল্পটি পরিকল্পনা মোতাবেক বাস্তবায়িত হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী সুফল অর্জন করা সম্ভব হবে কিনা সে বিষয়ে মাঠ পর্যায়ে প্রাইমারী ডাটা সংগ্রহ ও তা বিশ্লেষণের মাধ্যমে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও সুপারিশ প্রদান করতে হবে;

১.১০ প্রকল্প অনুমোদন, সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য ও উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১.১১ উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয়ের প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধের সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য উপাত্তভিত্তিক পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১.১২ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Exit plan) করার লক্ষ্যে মতামত প্রদান;

১.১৩ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories যদি থাকে) বিষয়ে আলোকপাত;

১.১৪ প্রকল্পের সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং ভবিষ্যতে একই ধরণের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত সুপারিশ প্রদান;

১.১৫ সমীক্ষায় প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;

১.১৬ প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন সুপারিশ প্রদান ও ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক অনুমোদন গ্রহণ;

১.১৭ স্থানীয় পর্যায়ে একটি ও জাতীয় পর্যায়ের একটি কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের পর্যবেক্ষ ণ (Findings) সমূহ অবহিত করা ও কর্মশালায় প্রাপ্ত মতামত/সুপারিশসমূহ বিবেচনা করে মূল্যায়ন প্রতিবেদনটি চূড়ান্তকরণ; এবং

১.১৮ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রদেয় সমীক্ষা সংশ্লিষ্ট অন্যান্য কাজ সম্পাদন।

২। নিম্নলিখিত প্রতিবেদনসমূহ পরামর্শক প্রতিষ্ঠানকে দাখিল করতেহবে:

নং	প্রতিবেদনের নাম	সময়কাল	সংখ্যা
ক।	প্রারম্ভিক প্রতিবেদন (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	৪০ কপি
খ।	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	৪০ কপি
গ।	২য় খসড়া প্রতিবেদন (ডেসিমিনেশন কর্মশালার)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	১২০ কপি
ঘ।	চূড়ান্ত খসড়া প্রতিবেদন (বাংলা ১৫ ও ইংরেজি ১০)	চুক্তি সম্পাদনের ৯৫ দিনের মধ্যে	২৫ কপি
ঙ।	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ৪০ ও ইংরেজি ২০)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	৬০ কপি

৩। পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকদের প্রকৃতি ও যোগ্যতা:

নং	ফার্ম ও পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১।	ফার্ম (পরামর্শক প্রতিষ্ঠান)	----	➤ গবেষণা অথবা প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ১(এক) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ➤ মাঠ পর্যায় থেকে ডাটা সংগ্রহ , ডাটা প্রক্রিয়াকরণ ও রিপোর্ট প্রণয়নে অভিজ্ঞতা; ➤ পর্যাপ্ত জনবল ও প্রয়োজনীয় সহায়ক সামগ্রী থাকতে হবে;
২।	ক) টিম লিডার (পরিবীক্ষণ ও মূল্যায়ন বিশেষজ্ঞ)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে	➤ গবেষণা/পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬/পিপিআর-২০০৮ ও উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) সংক্রান্ত বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে; ➤ গবেষণা/প্রভাব মূল্যায়ন সংক্রান্ত কাজের রিপোর্ট প্রণয়ন ও উপস্থাপনায় টিম লিডার হিসেবে দক্ষতা থাকবে হবে; ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা থাকতে হবে;
	খ) পরিবেশ বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে Environment Science বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	➤ সংশ্লিষ্ট বিষয়ের উপর ন্যূনতম ৩ (তিন) বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। ➤ আর্থ-সামাজিক গবেষণা/নিবিড় পরিবীক্ষণ কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান/ অর্থনীতি বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	➤ গবেষণা/নিবিড় পরিবীক্ষণ সংক্রান্ত কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;
	ঘ) ডাটা ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/কম্পিউটার সাইন্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী	➤ ডাটা ব্যবস্থাপনায় নূন্যতম ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা থাকতে হবে;

৪। ক্রয়কারী (আইএমইডি) কর্তৃক প্রদেয়:

ক) প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (ডিপিপি/আরডিপিপি ও পরিদর্শন প্রতিবেদন) এবং

খ) বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।